

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১৩৮(আগরতলা, ০৭।১২)
ধর্মনগর, ০৭ ডিসেম্বর, ২০১৮

যুবরাজনগর ব্লকে পঞ্চায়েত উন্নয়ন তহবিলে কর্মসূচি রূপায়ণ

যুবরাজনগর ব্লক এলাকায় গত অর্থবছরে পঞ্চায়েত উন্নয়ন তহবিলের অর্থে বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি রূপায়িত হয়েছে। এই তহবিলের বরাদ্দ অর্থে ব্লকের মঙ্গলখালি পি ডব্লিউ ডি রোড ইট সলিং রাস্তা মেরামত করা হয়েছে। এরজন্য ব্যয় হয়েছে ১ লক্ষ ৯৭ হাজার ৮৮৭ টাকা। ব্লকের হাপলং বাজারের একটি ইট সলিং রাস্তা মেরামত করতে ব্যয় হয়েছে ১ লক্ষ ৮৪ হাজার ২৩৪ টাকা। যুবরাজনগর ব্লক অফিস প্রাঙ্গণ এবং গোড়াউনে ইট বিছানো হয়। এতে ব্যয় হয়েছে ৩৭ হাজার ১২৬ টাকা। যুবরাজনগর ব্লক টিলার উন্নয়নে ব্যয় হয়েছে ৪৭ হাজার ৭৯০ টাকা। এছাড়া ব্লকের ডুপিরবন্দ, দক্ষিণ গঙ্গানগর এবং পশ্চিম দেওয়ানপাশায় ৩টি গ্রামীণ রাস্তা মেরামত করা হয়। এরজন্য ব্যয় হয়েছে ১ লক্ষ ৫৫ হাজার ৯০১ টাকা। উল্লিখিত কর্মসূচিগুলি রূপায়ণে ব্যয় হয়েছে ৬ লক্ষ ২২ হাজার ৯৩৮ টাকা। যুবরাজনগর ব্লক অফিস থেকে এই সংবাদ জানানো হয়েছে।
